

ইনকিলাব

তারিখ ... 1 0 JUL 2007 ...

পৃষ্ঠা ... ৮২ ... কলাম ... ৫ ...

১০/৭/০৭  
৪-৬

**১৯৯৫ সালের জনবল  
অনুসরণ করতে হবে**

**বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে  
শিক্ষক-কর্মচারী নিয়োগে  
ছাড়পত্র লাগবে না**

স্টাফ রিপোর্টার

এখন থেকে আর দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে এখন থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে কোন প্রকার ছাড়পত্র গ্রহণ করতে হবে না। তবে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ১৯৯৫ সালের ২৪ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালা অনুসরণ করতে হবে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি পরিপত্র জারি করা হয়েছে।